

JANU., 17' 2011

MON.



নিউইয়র্ক দর্পণ



মিশর : সম্মানসূচক মেডেলসহ সার্টিফিকেট হাতে ড. সুলতানা নাহার।

ড. সুলতানা নাহারের আন্তর্জাতিক মেডেল লাভ

দর্পণ রিপোর্ট : যুক্তরাষ্ট্র, ইউরোপ, এশিয়া, আফ্রিকা এবং মধ্যপ্রাচ্যের দেশসমূহের বিজ্ঞানীদের অংশগ্রহণে মিশরের শার্ম আল শেখ সিটিতে অনুষ্ঠিত 'পদার্থ বিজ্ঞানের সর্বাধুনিক গতিবিধি' শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনে গবেষণামূলক বক্তব্য উপস্থাপনে বিশেষ সাফল্য প্রদর্শনের জন্য বাংলাদেশী-আমেরিকান বিজ্ঞানী ড. সুলতানা এন নাহারকে মেডেল প্রদান করা হয়। ১২ থেকে ১৬ ডিসেম্বর ৫ দিনের এ সম্মেলনে ড. নাহার

দুটি বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। প্রথমটি জ্যোতির্বিদ্যায় এটমিক প্রক্রিয়া এবং দ্বিতীয়টি ক্যান্সার গবেষণায় ন্যানোপার্টিক্যুলার ব্যবহার। উল্লেখ্য যে, সারাবিশ্বের আরো ১৫ স্কলারকে একই ধরনের মেডেল প্রদান করা হয়। আরো উল্লেখ্য যে, ড. নাহার ওহাইয়ো স্টেট ইউনিভার্সিটিতে এক্সট্রনিমি ডিপার্টমেন্টে সিনিয়র রিসার্চ সায়েন্টিস্ট হিসেবে কাজ করছেন।